মুজিবনগরে মধ্যরাতে জুয়ার আসরে পুলিশের হানা, ৪ জুয়াড়ী আটক

মুজিবনগরে অবৈধভাবে অর্থের বিনিময়ে তাসের মাধ্যমে জুয়ার আসর বসিয়ে জুয়া খেলা করার সময় ৪ জুয়াড়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।
শনিবার রাত এগারোটার দিকে মুজিবনগর থানা পুলিশ কেদারগন্জ এলাকায় বিশেষ অভিযান চালিয়ে তাদের আটক করেন।
আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামের মৃত আব্দুস সাত্তারের ছেলে রেজা(৪৫),ঢোলমারী গ্রামের আবুল হোসেনের ছেলে আব্দুল হান্নান (৪৫),একই গ্রামের রহমতউল্লাহর ছেলে তাহাজউদ্দীন(৫৫) ও রতনপুর গ্রামের অধির মন্ডলের ছেলে জনি মন্ডল(৩৫)।
পুলিশ সূত্রে জানা গেছে, কেদারগন্জ বাজারের পাশে আলীর আমবাগানে জুয়া খেলা চলছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেলের নেতৃত্বে এসআই উত্তম কুমার,এসআই জুয়েল হোসেন,এসআই সুভাষ কুমার রায়, এএসআই আলী হোসেনসহ পুলিশের একটি টিম সেখানে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময় আসামীরা পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যাবার সময় পুলিশ তাদের আটক করে।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদী রাসেল জানান,গ্রেফতারকৃত আসামীদের নামে অবৈধভাবে অর্থের বিনিময়ে তাসের মাধ্যমে জুয়ার আসর বসিয়ে জুয়া খেলার অপরাধে ১৮৬৭ সালের জুয়া আইনের ৪ ধারায় মামলা দিয়ে রবিবার বিকালে আদালতের মাধ্যেমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে তিনজন গ্রেফতার, হেরোইন উদ্ধার

পুলিশের নিয়মিত অভিযানে একজন মাদক কারবারীসহ আদালতের পরোয়ানাভূক্ত দুই আসামীকে গ্রেফতার করেছে।

এদের মধ্যে মেহেরপর সদর থানা পুলিশ দুই জন ও মুজিবনগর থানা পুলিশ একজনকে গ্রেফতার করেছে।

শুক্রবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছে।

মুজিবনগর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) শোভাষ আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ২ গ্রাম হেরোইনসহ হেকমত আলীর ছেলে আলমগীর হোসেনকে গ্রেফতার করে।

আজ শনিবার (১৪ মে) সকালে গ্রেফতাকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে পুলিশ।